



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

মহিলা বিষয়ক অধিদপ্তর

© 2019 আইজিএ প্রকল্প

উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প

Income Generating Activities (IGA) Training for Women at Upazila Level

নিম্ন বর্ণিত শর্তাবলী ও নিয়মাবলী আবেদন ফরম পূরণ এবং প্রশিক্ষণে অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:

প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীকে আইজিএ প্রকল্পের ওয়েবসাইট (iga.dwa.gov.bd) এর মাধ্যমে কেবলমাত্র অনলাইনে প্রশিক্ষণে ভর্তির আবেদন করতে হবে। Online-এ আবেদনের নিয়মাবলী ওয়েবসাইটে দেয়া আছে। আবেদনের জন্য কোন ফি জমা দিতে হবে না। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

- **Online - এ আবেদনপত্র পূরণের তারিখ ও সময়:** ২৩/০২/২০২০ খ্রি: সকাল-০৯.০০ টা হতে ২২/০৩/২০২০ খ্রি: রাত-১২.০০ টা। উল্লেখ্য, এই সময়ের মধ্যেই পূরণকৃত আবেদনপত্রের PDF ভার্সন আবশ্যিক ভাবে ডাউনলোড করে প্রিন্ট করে নিতে হবে।
- Online- এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রস্ট্রন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 300 KB হতে হবে।
- **উপজেলা পর্যায়ে (স্বাহার জন্য যা প্রযোজ্য) আবেদনপত্রের প্রিন্ট কপি জমাদানের শেষ তারিখ ও সময়:** ২৩/০৩/২০২০ খ্রি: বিকাল-৪.০০ টা।

০২। Online- এ আবেদন করে আবেদনপত্রের প্রিন্ট কপিতে প্রার্থীর স্বহস্তে স্বাক্ষর পূর্বক ০২ (দুই) কপি মূল আবেদনপত্র প্রার্থী যে উপজেলায় প্রশিক্ষণ গ্রহণ করতে ইচ্ছুক, সেই উপজেলার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে দাখিল করতে হবে। তা না হলে আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৩। এখানে উল্লেখ্য যে Online- এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র প্রিন্ট কপি উপ-পরিচালক/জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় অথবা উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জমা না দেয়া পর্যন্ত কোন অবস্থাতেই আবেদনপত্র বিবেচনাযোগ্য হবে না। ছবি এবং স্বাক্ষরবিহীন কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

০৪। বিজ্ঞপ্তিতে বর্ণিত আসন সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা ট্রেড বাতিল/ সংশোধন বা সংযোজন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৫। প্রশিক্ষার্থী বাছাই ও ভর্তির ক্ষেত্রে জেলা ও উপজেলা প্রশিক্ষার্থী নির্বাচন/বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় প্রশিক্ষার্থীর ভর্তি প্রক্রিয়া স্থগিত/ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০৬। সফলভাবে প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষার্থীকে প্রতিদিনের হাজিরার জন্য ১০০/- (একশত) টাকা করে ৬০ (ষাট) দিনের প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।

০৭। আবেদনপত্র বাংলায় পূরণ করতে হবে (কেবলমাত্র ইংরেজীতে পূরণের নির্দেশনা ব্যতিরেকে)।

০৮। নির্ধারিত সময়ের মধ্যে Online- এ আবেদন করা না হলে পরবর্তীতে কোনক্রমেই কোন আবেদন গ্রহণ করা হবে না।

ট্রেডের বিস্তারিত জানার জন্য এখানে ক্লিক করুন >>

[Trade List Details](#)

প্রযুক্তিগত সহায়তা প্রয়োজন হলে, এখানে কল করুন: 01743-683229, 01714-227058

আইজিএ প্রশিক্ষণ প্রকল্পে নিবন্ধন করতে চান ?

>>> জানুয়ারি-মার্চ ২০২১ ব্যাচে নিবন্ধন করুন <<<